

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নম্বর: ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০৩.২৫.৯৮৬

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২
১৫ ডিসেম্বর ২০২৫


পরিপত্র

লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মেডিকেল সোসাইটি কর্তৃক আয়োজিত ওয়ার্কশপ/সেমিনার/কনফারেন্সে অংশগ্রহণকারী বিভিন্ন বিদেশি চিকিৎসক কর্তৃক সরকারি হাসপাতালে রোগীদের চিকিৎসা প্রদান করা হচ্ছে। এক্ষেত্রে, বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি)-এর পূর্বনুমোদন প্রয়োজন।

০২। বর্ণিত অবস্থায়, যে-কোন সেমিনার/ওয়ার্কশপ/কনফারেন্স এ অংশগ্রহণকারী বিদেশি চিকিৎসকদের সরকারি হাসপাতালে চিকিৎসা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলি আবশ্যিকভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ক. বিএমডিসি অনুমোদন ব্যতীত কোন বিদেশি চিকিৎসক রোগীকে পরামর্শ/চিকিৎসা প্রদান করতে পারবেন না;
- খ. সরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক রোগীকে পরামর্শ/চিকিৎসা প্রদান করতে হলে তা বিনামূল্যে হবে;
- গ. সংশ্লিষ্ট হাসপাতাল/প্রতিষ্ঠান প্রধান উল্লিখিত নির্দেশাবলির প্রতিপালন নিশ্চিত করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


১৫.১২.২০২৫
কাজী শরীফ উদ্দিন আহমেদ
উপসচিব
ফোন : +৮৮-০২-৯৫৫৬৯৮৯
ইমেইল : ghm1@hsd.gov.bd

বিতরণ :

১. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)
২. পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)
৩. তত্ত্বাবধায়ক, জেনারেল/জেলা সদর হাসপাতাল (সকল)
৪. সিভিল সার্জন, সকল জেলা

অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর [দৃষ্টি আকর্ষণ: পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ)] (সকল মেডিকেল সোসাইটিকে অবহিতকরণের অনুরোধসহ)
২. প্রেসিডেন্ট, বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল, ৮৬, বিজয়নগর, ঢাকা
৩. উপদেষ্টার একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. বিশেষ সহকারীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অফিস কপি।